গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোয়ালন্দ, রাজবাড়ী
www.goalanda.rajbari.gov.bd

## গোয়ালন্দ উপজেলার সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : আজিজুল হক
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
গোয়ালন্দ, রাজবাড়ী

তারিখ : ১৩/০৯/২০২১ খ্রি

সময় : সকাল ১১.০০ টা

সভায় উপস্থিতির হাজিরাঃ পরিশিষ্ট “ক” তে সংযোজন করা হ’ল।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আগস্ট/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন বিষয়ে অবহিত করেন।

অতঃপর বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করা হয়এবংকার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে গঠনমূলক এবং পরামর্শমূলক বক্তব্য উপস্থাপনের জন্য উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে আহ্বান করা হয়।আইন শৃংখলা পরিস্থিত বিষয়ে সবাইকে সর্তক থাকা এবং সবাইকে মাস্ক ব্যবহার করার করার জন্য অনুরোধ জানান।

০২।**উপজেলারঅপরাধপ্রবণতা: আগস্ট/২০২১ ও জুলাই**/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র এবং আগস্ট/২০২০ মাসের অপরাধমূলক মামলার চিত্র সভায় পর্যালোচনা করা হয়। উক্ত অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলোঃ

| মাসের নাম | খুন | ডাকাতি/ রাহাজানী | চুরি/ সিঁধেল চুরি | দাঙ্গা/ দস্যুতা | মাদকদ্রব্য | অপহরণ | নারী ও শিশু নির্যাতন (ধর্ষণ) | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | চোরাচালান | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| আগস্ট/২০২১ | -- | -- | ০২ | ০১ | ১৯ | -- | ০৩ | ০১ | -- | ১২ | ৩৮ |
| জুলাই/২০২১ | ০১ | -- | ০১ | -- | ১২ | -- | -- | -- | -- | ০৯ | ২৩ |
| আগস্ট/২০২০ | ০১ | -- | ০১ | -- | ০৫ | -- | ০১ | -- | -- | ০৭ | ১৫ |
| হ্রাস/বৃদ্ধি | হ্রাস | -- | বৃদ্ধি | - | বৃদ্ধি | -- | বৃদ্ধি | বৃদ্ধি | -- | বৃদ্ধি | বৃদ্ধি |

তুলনামূলক বিবরণী পর্যালোচনায় দেখা যায়, গোয়ালন্দ উপজেলায় আগস্ট/২০২১ মাসে ১৯ টি মাদক মামলা দায়ের হয় যা জুলাই/২০২১মাসের তুলনায় বেশি হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা বিবেচনায় দেখা যায়, অপরাধ প্রবণতা আগের মাসের চেয়ে বৃদ্ধি পেয়েছে ।

**সিদ্ধান্তঃ** গোয়ালন্দ ঘাট থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে অফিসার ইনচার্জ, গোয়ালন্দঘাট থানা, রাজবাড়ীকে পুলিশ টহল অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নঃ**অফিসার ইনচার্জ, গোয়ালন্দঘাট থানা, গোয়ালন্দ, রাজবাড়ী।

০৩। **মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্তঃ**

| মাসের নাম | মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা | মামলার সংখ্যা | আসামীর সংখ্যা | মামলার রায় | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | শাস্তি | | অব্যাহতি | |
| | | | | কারাদন্ড | অর্থদন্ড | | |
| আগস্ট/২০২১ | ২৭ টি | ৯৪টি | ৯৪ জন | ১৬ জন | ১,৪২,৪০০/- টাকা | -- | |

বর্ণিত ছক অনুযায়ী দেখা যায়, আগস্ট/২০২১ মাসে ২৭টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৯৪ টি মামলা দায়ের হয়েছে। ৯৪ জন আসামীর মধ্যে ১৬ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয় ও ১,৪২,৪০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। মাদকের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গোয়ালন্দ, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়এবং মোবাইল কোর্ট পরিচালনাকালে পর্যাপ্ত পুলিশ ফোর্স দিয়ে সহযোগিতার জন্য অফিসার ইনচার্জ, গোয়ালন্দঘাট থানা, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়।

০৪। **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলাপরিস্থিতি ও অন্যান্য বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্তঃ**

উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে কমিটির সদস্যদের বক্তব্য ও মতামতের আলোকে সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪.১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ জানান যে, দৌলতদিয়া আইন শৃংখলা পরিস্থিতি ভালো আছে। আইন শৃংখলা স্বাভাবিক রাখার জন্য অফিসার ইনচাজ, গোয়ালন্দ ঘাট থানাকে অনুরোধ করেন। | আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখতে হবে। | অফিসার ইনচাজ গোয়ালন্দ ঘাট থানা |
| ৪.২ | অধ্যক্ষ, কামরুল ইসলাম সরকারী কলেজ, গোয়ালন্দ জানান যে,১২/০৯/২০২১ সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলেছে। সরকারী কামরুল ইসলাম কলেজ পেছন দিয়ে বখাটেদের উৎপাত কমাতে পুলিশি টহল বাড়াতে হবে। প্রত্যকটি স্কুল কলেজ পরিদর্শন করার জন্য অনুরোধ করেন। | বখাটেদের উৎপাত কমাতে পুলিশি টহল বাড়াতে হবে। | অফিসার ইনচার্জ, গোয়ালন্দ ঘাট থানা |
| ৪.৩ | সভাপতি, প্রেস ক্লাব, গোয়ালন্দ সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, স্বাভাবিক অস্বাভাবিক কিছু নেই। গোয়ালন্দ বাসষ্টান্ডে যাত্রী উঠা নামানোর ব্যাপারে সুনিদিষ্টি কোন নিয়ম নেই। যে কোন সময় দুর্ঘটনা দেখা দিতে পারে। | ১। বাসস্ট্যান্ডে যাত্রী উঠানামায় শৃঙ্খলা বজায় রাখতে হবে। | সভাপতি,প্রেস ক্লাব,গোয়ালন্দ |
| ৪.৪ | চেয়ারম্যান, ছোটভাকলা ইউনিয়ন পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, ছোটভাকলা ইউনিয়ন পরিষদে আশে পাশে মাদকের সমস্যা আছে। সে বিষয়ের নজরদারি বাড়াতে হবে। | ১। ছোটভাকলা ইউনিয়নে মাদকের বিরুদ্ধে পুলিশি টহল অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ গোয়ালন্দ ঘাট থানা |
| ৪.৫ | সহকারী কমিশনার(ভূমি), গোয়ালন্দ জানান যে, মাদক দ্রব্য এত জড়িয়ে গেছে যা নিয়ন্ত্রন কর খুবই কষ্টকর। সকল ইউপি চেয়ারম্যানদের মাদক ক্রয় বিক্রয় ও সেবনকারীদের সংবাদ দুত পৌছিয়ে দেয়ার জন্য অনুরোধ জানান। | ১। মাদক ক্রয় বিক্রয় ও সেবনকারী এবং বাল্য বিবাহ বন্ধ করতে হবে। | ১। সকল ইউপি চেয়ারম্যান। |
| ৪.৬ | জনাব গোলজার হোসেন মৃধা, বিশিষ্ট সমাজসেবক, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, প্রতি শুক্রবার জুম্মার নামাজের খুতবায় ইমাম সাহেবরা জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদক নিয়ে কথা বলে তাহলে অনেকাংশে জনগণের মধ্যে সচেতনতা বাড়বে। | ১। জুম্মার খুতবায় ইমাম সাহেবরা জঙ্গিবাদ, সন্ত্রাস ও মাদক নিয়ে কথা বলতে হবে। | ১। উপপরিচালক, ইসলামিক, ফাউন্ডেশন<br>২। মুয়াজ্জিন/ইমাম, সকল মসজিদ |
| ৪.৭ | অফিসার ইনচার্জ, গোয়ালন্দ ঘাট থানা, গোয়ালন্দ, রাজবাড়ী মাদকের কর্মকর্তাকে প্রতিমাসের আইন আইন শৃংখলা কমিটির মিটিং এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। যৌনপল্লীর ব্যবসার সাথে অনেকেই জড়িত। তবে নিজেদের সচেতন হতে হবে। যৌন উত্তেজক ট্যাবলেট বা যৌন উত্তেজক ড্রাগ যৌনপল্লীতে পাওয়া যায়। ঔষধ প্রশাসন অধিদপ্তর নিয়মিত মনিটরিং করলে কাজটা করার সহজতর হবে। তাদের সহযোগিতা অব্যাহত থাকবে। সকলের সহযোগিতা কামনা করেন। | ১। যৌন উত্তেজক ট্যাবলেট বা যৌন উত্তেজক ড্রাগ নিয়ন্ত্রনে ঔষধ প্রশাসন নিয়মিত মনিটরিং করবেন।<br>২। মাদক নিয়ন্ত্রন অধিদপ্তরের প্রতিনিধিকে সভায় উপস্থিত থাকতে হবে। | ১। অফিসার ইনচার্জ গোয়ালন্দ ঘাট থানা<br>২। মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, রাজবাড়ী।<br>৩। ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজবাড়ী। |
| ৪.৮ | মেয়র, গোয়ালন্দ পৌরসভা, গোয়ালন্দ বলেন গোয়ালন্দ কামরুল ইসলাম কলেজ ও শহীদ স্মৃতি বালিকা বিদ্যালয়ে পেছন দিয়ে বখাটেদের উৎপাত কমাতে পুলিশি টহল বাড়াতে হবে। গোয়ালন্দ বাজারে একটি মদের দোকান আছে সম্ভব হলে মদের দোকানটি গোয়ালন্দ বাজার হতে অন্যত্র স্থানান্তরের জন্য অনুরোধ জানান। | ১। বখাটেদের উৎপাত কমাতে পুলিশি টহল বাড়াতে হবে।<br>২। মদের দোকান অন্যত্র স্থানান্তর করতে হবে। | ১। মেয়র,গোয়ালন্দ পৌরসভা, গোয়ালন্দ<br>২। অফিসার ইনচার্জ গোয়ালন্দ ঘাট থানা |

| | | | |
|---|---|---|---|
| ৪.৯ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ বলেন, সকল অপকর্মের মা হচ্ছে মাদক। মদের দোকান সরানোর চেয়ে চিরতরে বন্ধ করে দিতে সুপারিশ করেন। | ১। মদের দোকান বন্ধ করতে হবে। | ১। মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, রাজবাড়ী।<br>২। অফিসার ইনচার্জ গোয়ালন্দ ঘাট থানা |

গোয়ালন্দ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/০৯/২০২১

(আজিজুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
গোয়ালন্দ, রাজবাড়ী।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৩। মেয়র, গোয়ালন্দ পৌরসভা, রাজবাড়ী।
০৪-৩৯। .................................................................................. গোয়ালন্দ,রাজবাড়ী।

অনুলিপি সদয় অবগতির জন্য:
স্মারক নং-০৫.৩০.৮২২৯.০০৪.০৬.০০২.২০২০-১০৩৩(৪৫) তারিখঃ ১৩/০৯/২০২১
০১। আলহাজ্ব কাজী কেরামত আলী, এমপি।
০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫।জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৬। পুলিশ সুপার, রাজবাড়ী।

১৩/০৯/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী